



49012 - তাওয়াফে ইফাযা (ফরয তাওয়াফ) না করা

প্রশ্ন

আমি তাওয়াফে ইফাযা (ফরয তাওয়াফ) করিনি। আমি ধারণা করছিলাম যে, প্রথম তাওয়াফই যথেষ্ট। এখন আমার উপর কী আবশ্যিক?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।

শাইখ বনি উছাইমীন (রহঃ) বলেন:

তাওয়াফে ইফাযা হজ্জের একটি রুকন; যা ছাড়া হজ্জ পূর্ণ হয় না। যদি কেউ কোন একটি রুকন পালন না করে তাহলে তার হজ্জ অপূর্ণাঙ্গ থাকে যাবে। তাকে অবশ্যই রুকনটি আদায় করতে হবে। তাকে ফরিদে আসতে হবে; এমনকি তার দশে থাকে হলেও। এরপর সে তাওয়াফে ইফাযা (ফরয তাওয়াফ) পালন করবে। আর এ অবস্থায় যহেতু সে এখনও ফরয তাওয়াফ করেনি তার জন্য স্ত্রী সম্ভোগ করা জায়যে হবে না। কেননা সে দ্বিতীয় হালাল হয়নি। যহেতু তাওয়াফে ইফাযা করা ও সায়ী করার আগে দ্বিতীয়বার হালাল হওয়া যায় না; যদি সে ব্যক্তি তামাত্তু হজ্জকারী হয়, ক্বরীন হজ্জকারী হয় কিংবা ইফরাদ হজ্জ আদায়কারী হয় এবং তাওয়াফে কুদুম এর সাথে সায়ী না করে।[উদ্ধৃতি সমাপ্ত]